| Verb + ing | resulting forms | meaning |
|---|---|---|
| emit + ing | | |
| drop + ing | | |
| hop + ing | | |
| plan + ing | | |
| cancel + ing | | |
| travel + ing | | |
| quarrel + ing | | |
| cry + ing | | |
| play + ing | | |
| pay + ing | | |
| fly + ing | | |
| shake + ing | | |
| strike + ing | | |
| write + ing | | |



## CHAPTER–13
# TIME AND TENSE

**[ This is the most important chapter for gaining ability to wirte your own English. ]**

Tense denotes the time of a verb. (ক্রিয়া সম্পন্ন হওয়ার সময়কে Tense বলে)

[ The word *tense* comes from the Latin *tempus* or time. ]

ইংরেজিতে Tense প্রধানতঃ তিনটি

(i) **Present Tense** (বর্তমান কাল) (ii) **Past Tense** (অতীত কাল) (iii) **Future Tense** (ভবিষ্যৎ কাল)।

এই তিনটি Tense -এর প্রত্যেকটিকে আবার চার ভাগে ভাগ করা যায়—

(i) **Indefinite** (ii) **Continuous** (iii) **Perfect** (iv) **Perfect continuous.**

**Present** **Past** **Future**

Indefinite Continuous Perfect Perfect continuous

এখন নিচের Table -এ বাংলা ও ইংরেজি Tense -এর সাদৃশ্যমূলক চিহ্নগুলি দেখ।

TABLE

| Tense | Indefinite | Continuous or Progressive | Perfect | Perfect Continuous |
|---|---|---|---|---|
| Present | বাংলায় মূল ক্রিয়া। do, go ইত্যাদি মূল verb | বাংলায় ক্রিয়ার শেষে 'তেছি', 'তেছে','তেছ'। ইংরেজিতে is/am/are এবং verb + ing. | বাংলায় ক্রিয়ার শেষে 'ইয়াছি', 'ইয়াছে','ইয়াছ'। ইংরেজিতে has/have এবং verb এর Past participle | কিছুকাল ধরে কোন কাজ চলছে। ইংরেজিতে has been/have been এবং verb + ing |
| Past | বাংলায় ক্রিয়ার শেষে 'ল'। ইংরেজিতে verb -এর past form | বাংলায় 'তেছিল' 'তেছিলে', 'তেছিলাম'। ইংরেজিতে was/were এবং verb + ing | অতীতে দুটি কাজের মধ্যে যেটি আগে ঘটেছে। ইংরেজিতে had এবং verb- এর past participle | কিছুকাল ধরে কোন কাজ চলছিল। had been এবং verb + ing |
| Future | বাংলায় ক্রিয়ার শেষে 'ব'। ইংরেজিতে shall/will এবং মূল verb | কোন কাজ চলতে থাকবে। ইংরেজিতে shall be/will be এবং verb + ing | কোন কাজ হয়ে থাকবে। ইংরেজিতে shall have/will have এবং verb এর past participle. | কোন কাজ কিছুকাল ধরে চলতে থাকবে। ইংরেজিতে shall have been/will have been এবং verb + ing. |

### Forms of Tenses

| Tense | Indefinite | Continuous | Perfect | Perfect continuous |
|---|---|---|---|---|
| Present | I do | I am doing | I have done | I have been doing |
| Past | I did | I was doing | I had done | I had been doing |
| Future | I shall do | I shall be doing | I shall have done | I shall have been doing |

### Present Indefinite Tense (Simple Present)

Present Indefinite tense denotes an action in the present time or habitual truth or eternal truth.

কোন কাজ বর্তমানে হয় বোঝালে বা অভ্যাসগত সত্য বোঝালে বা চিরসত্য বোঝালে Present Indefinite বা Simple Present Tense হয়।

এই tense-এ বাংলায় মূল ক্রিয়া ব্যবহৃত হয় এবং ইংরেজিতেও শুধু মূল verb ব্যবহৃত হয়। তবে Subject Third Person Singular number হলে verb এর শেষে 's' বা 'es' যোগ হয়।

[ Subject + Verb (verb + s/es) ]

আমি বই পড়ি—I read a book.

আমরা বই পড়ি—We read books.

তুমি/তোমরা বই পড়—You read a book (books)

সে বই পড়ে—He/She reads a book.

তাহারা বই পড়ে—They read books.

সে খুব সকালে ওঠে—He/She gets up early in the morning.

সূর্য পূর্ব দিকে ওঠে—The sun rises in the east.

জল শূন্য ডিগ্রি সেন্টিগ্রেডে জমাট বাঁধে—Water freezes at O° centegrade.

**Different forms of simple present :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I write.<br>We write.<br>You write.<br>He/She writes.<br>They write. | Do I write ?<br>Do we write ?<br>Do you write ?<br>Does he/she write?<br>Do they write ? | I do not write.<br>We do not write.<br>You do not write<br>He/She does not write.<br>They do not write. |

### Present Continuous (Present Progressive)

Present continuous tense is used when an action is continued or going to be continued in near future.

বর্তমানকালে কোন কাজ চলছে বা নিকট ভবিষ্যতে চলবে বোঝালে Present Continuous Tense হয়। বাংলায় * ক্রিয়ার শেষে 'তেছি', 'তেছ', 'তেছে' ইত্যাদি।

[Subject + am/is/are + (verb + ing)]

আমি বই পড়িতেছি (পড়ছি)—I am reading a book.

আমরা বই পড়িতেছি (পড়ছি)—We are reading books.

তুমি/তোমরা বই পড়িতেছ (পড়ছ)—You are reading a book (books).

সে বই পড়িতেছে (পড়ছে)—He/she is reading a book.

তাহারা (তারা) বই পড়িতেছে (পড়ছে)—They are reading books.

আমি আজ রাত্রে সিনেমায় যাব-I am going to the cinema to night. (near future).



আমার কাকা আগামীকাল আসছেন (নিকট ভবিষ্যৎ)—My uncle is arriving tomorrow.

*** Note :—The following verbs are not normally used in the continuous form.**

***—Wren & Martin.***

নিচের verb গুলি সাধারণতঃ continuous form-এ ব্যবহৃত হয় না।

(1) Verbs of perception, e.g., *see, hear, smell, notice, recognize.*

(2) Verbs of appearing, e.g., *appear, look, seem.*

(3) Verbs of emotion, e.g., *want, wish, desire, feel, like, love, hate, hope, refuse, prefer.*

(4) Verbs of thinking, e.g., *think, suppose, believe, agree, consider, trust, remember, forget, know, imagine, mean, mind, understand.*

(5) *have* (= *possess*), *own, possess, belong to, contain, consist of, be* (except when used in the passive).

So we must say, "I see an aeroplane", not "*I am seeing* an aeroplane."

অনুরূপভাবে : আমি একটি সুন্দর পাখী দেখিতেছি—I see a nice bird.

আমি তাহার নাড়ী দেখিতেছি—I feel his pulse.

আমি খুব শীত অনুভব করিতেছি—I feel very cold.

অবশ্য see, feel, think ইত্যাদি verb-এর সাধারণতঃ Present Continuous Tense না হলেও কিছু ক্ষেত্রে হয়।

আমি দেখছি তো দেখছি—I am seeing and seeing. (I see and see নয়)

I am seeing him tomorrow. = I have an appointment with him.

***—Thomson & Martinet***

তুলনা বোঝালে 'feel' verb-এর Continuous Tense হয়।

আগের থেকে এখন ভালো বোধ করছ কি?—Are you feeling better now ? Yes, I'm feeling better. (Vide 'Learning English' Step 2 page 97)

অবশ্য comparative degree না হয়ে positive degree হলে 'feel' verb-এর Simple Present Tense হয়।

How do you feel now ? I feel quite well/rather tired/dizzy.

এরূপ বিশেষ ক্ষেত্র ছাড়া ওপরের verb-গুলির সাধারণতঃ Simple Present Tense হয়, Present Continuous tense হয় না।

তুমি তার সম্বন্ধে কি ভাবছ?—What do you think of him ?

These verbs may, however, be used in the continuous tense with a change of meaning.

***—Wren & Martin.***

I *am thinking of* (= considering the idea of) going to America.

Mr. Ghosh *is minding* (= looking after) the baby as his wife is out of home.

**Different forms of Present Continuous (Progressive) :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I am writing.<br>We are writing.<br>You are writing.<br>He/She is writing.<br>They are writing. | Am I writing ?<br>Are we writing ?<br>Are you writing ?<br>Is he/she writing ?<br>Are they writing ? | I am not writing.<br>We are not writing.<br>You are not writing.<br>He/She is not writing.<br>They are not writing. |

### Present Perfect Tense

Present Perfect tense is used when the work has been done but its effect lasts.

কোন কাজ শেষ হয়েছে অথচ তার ফল বর্তমান আছে বোঝালে Present Perfect tense হয়।

* বাংলায় ক্রিয়ার শেষে 'য়াছি', 'য়াছ', 'য়াছে' ইত্যাদি।

[Subject + has/have + (past participle of verb)]

আমি কাজটি করিয়াছি (করেছি)–I have done the work.

আমরা কাজটি করিয়াছি (করেছি)–We have done the work.

তুমি/তোমরা কাজটি করিয়াছ (করেছ)–You have done the work.

সে কাজটি করিয়াছে (করেছে)–He/She has done the work.

তাহারা (তারা) কাজটি করিয়াছে (করেছে)–They have done the work.

তারা এইমাত্র কাজটি করেছে–They have just done the work.

সে ঘণ্টার পর ঘণ্টা পড়েছে–He has studied for hours.

> **** Note :** Present perfect tense is never used with adverbs of past time. We should not say, for example, "He has gone to Calcutta yesterday". In such cases the simple past should be used "He went to Calcutta yesterday."
>
> —***Wren & Martin.***

অনুরূপ ভাবে ঃ

আমি গতকাল তোমার চিঠি পাইয়াছি (পেয়েছি)–I received your letter yesterday. (I have received your letter yesterday হয় না।)

গত রবিবার সে এখানে আসিয়াছে (এসেছে)–He came here last Sunday. (He has come here last Sunday হয় না।)

**Different forms of Present Perfect :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I have written. | Have I written ? | I have not written. |
| We have written. | Have we written ? | We have not written. |
| You have written. | Have you written ? | You have not written. |
| He/She has written. | Has he/she written ? | He/She has not written. |
| They have written. | Have they written ? | They have not written. |

### Present Perfect Continuous Tense

The Present Perfect Continuous Tense is used for an action which began at some time in the past and is still continuing.

কোন কাজ পূর্বে আরম্ভ হয়ে এখনও চলছে এরূপ বোঝালে present perfect continuous tense হয়।

[Subject + has been/have been + (verb + ing)]

আমি দুইদিন ধরিয়া কাজটি করিতেছি–I have been doing this work for two days.

আমরা পাঁচ বৎসর যাবৎ এখানে বাস করিতেছি–We have been living here for five years.

সে তিন বৎসর যাবৎ এই স্কুলে পড়িতেছে–He/She has been reading in this school for three years.

তাহারা সাত দিন ধরিয়া এই কাজটি করিতেছে–They have been doing this work for a week.

**ছেলেবেলা হইতে সে এখানে বাস করিতেছে–He has been living here from his boyhood.**



নীলু গত রবিবার হইতে জ্বরে ভুগিতেছে–Nilu has been suffering from fever since Sunday last.

গত সোমবার হইতে বৃষ্টি হইতেছে–It has been raining since Monday last.

১৯৯০ সাল হইতে তিনি এখানে কাজ করিতেছেন–He has been working here since 1990.

লিপিকা তোমার জন্য অনেকক্ষণ অপেক্ষা করিতেছে–Lipika has been waiting for you for a long time.

তাহারা সকাল ৭টা হইতে কঠিন কাজ করিয়া যাইতেছে–They have been working hard since 7 a.m.

আমরা দিনের শুরু হইতেই কাজ করিয়া যাইতেছি–We have been doing our work from day-break. [ "from day-break"—*Nesfield* ]

**** Note :** "Both (*since* and *from*) denote a point of time, not a space or period. But *'since'* is preceded by a verb in some perfect tense, while *'from'* can be used with any form of tense. Another difference is that *'since'* can be used only in reference to past time, whereas 'from' can be used for present and future tense." ***—Nesfield***

Point of time বোঝাতে Present Perfect Tense, Present Perfect Continuous Tense, এবং Past Tense-এ *since* এবং সমস্ত tense-এ *from* ব্যবহৃত হয়।

**Different forms of Present Perfect Continuous :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I have been working. | Have I been working ? | I have not been working. |
| We have been working. | Have we been working ? | We have not been working. |
| You have been working. | Have you been working ? | You have not been working. |
| He/She has been working. | Has he/she been working ? | He/She has not been working. |
| They have been working. | Have they been working ? | They have not been working. |

### Past Indefinite Tense (Simple Past)

Past Indefinite tense is used to denote an action completed in the past or a past habit.

অতীতকালে কোন কাজ ঘটেছিল বা অতীতের কোন অভ্যাস বোঝাতে Past Indefinite Tense বা Simple Past tense হয়।

* বাংলায় ক্রিয়ার শেষে 'ল' হয়।

[Subject + Past form of verb]

আমি কাজটি করিয়াছিলাম (করেছিলাম)–I did the work.

আমরা কাজটি করিয়াছিলাম (করেছিলাম)–We did the work.

তুমি/তোমরা কাজটি করিয়াছিলে (করেছিলে)–You did the work.

সে কাজটি করিয়াছিল (করেছিল)–He/she did the work.

তাহারা (তারা) কাজটি করিয়াছিল (করেছিল)–They did the work.

অরিন্দমের ছেলেবেলা লণ্ডনে কেটেছিল–Arindam spent his boyhood in London.

*** Note :** Past habit বা অতীতের অভ্যাস বোঝালে বাংলায় ক্রিয়ার শেষে 'ল' না হয়ে 'ত' হয়। তখন *would* বা *used to* ব্যবহার হয়।

সে প্রত্যহ নদীতে স্নান করিত (করত)—He *would (used to)* bathe in the river everyday.

অপূর্ব প্রত্যহ বিকালে ক্রিকেট খেলিত (খেলত)—Apurba *would (used to)* play cricket every afternoon.

used to/would + verb :

1. He *would sit* by the window and watch people at the pond.
2. The servants *used to tell* them stories.

These verbs tell as about past habits.

The first one is often used in writing and the second in speech.

[ Vide 'Learning English, Step–2 ]

এই verb-গুলি (used to/would + verb) past habit বা অতীতকালের অভ্যাস বোঝায়। তবে প্রথমটি (used to) ইংরেজি লেখায় এবং দ্বিতীয়টি (would) ইংরেজি কথায় বেশি ব্যবহৃত হয়।

Moreover these verbs express a discontinued habit.

"I *used to ride* a lot" means that "I rode a lot at one period of my life but that I do not ride a lot now."—***A. J. Thomson and A. V. Martinet.***

However, in a given context *would/used to* may not be repeated and simple past may also be used to denote past habits.

"He used to sit there and look out at the little pond. He watched the people come to bathe in the pond." (Learnign English, Step–2.)

- Simple Past may also be used with *'often', 'always', 'usually', 'regularly'* etc. to denote past habits.

অতীতকালের অভ্যাস বোঝাতে *often, always, usually, regularly* ইত্যাদি যোগ করে Sinple Past-ও ব্যবহার করা যায়।

The Servants *usually looked* after him.

**Different forms of Simple Past :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I played<br>We played<br>You played<br>He/She played<br>They played | Did I play ?<br>Did we play ?<br>Did you play ?<br>Did he/she play ?<br>Did they play ? | I did not play.<br>We did not play.<br>You did not play.<br>He/She did not play.<br>They did not play. |

**Past Continuous (Past Progressive)**

- Past Continuous Tense is used when the action was continued for some time in the past.

অতীতকালে কোন কাজ **কিছুক্ষণ ধরে চলছিল** বোঝালে Past continuous tense হয়।

* বাংলায় ক্রিয়ার শেষে 'তেছিল' 'তেছিলে', 'তেছিলাম' ইত্যাদি।

[Subject + was/were + (verb + ing)]

আমি ফুটবল খেলিতেছিলাম (খেলছিলাম)—I was playing football.

আমরা ফুটবল খেলিতেছিলাম (খেলছিলাম)—We were playing football.

তুমি/তোমরা ফুটবল খেলিতেছিলে (খেলছিলে)—You were playing football.

সে ফুটবল খেলিতেছিল (খেলছিল)—He/She was playing football.

তাহারা (তারা) ফুটবল খেলিতেছিল (খেলছিল)—They were playing football.

গত সন্ধ্যায় সে কি করছিল?—What was she doing in the last evening ?

**** Note :** Past Progressive is often used together with a simple past when two clauses in the past tense are joined with *'when'* or *'while'*. অতীতকালের দুটি clause যখন *when* বা *while* **দ্বারা যুক্ত হয়, তখন প্রায়ই** একটিতে past progressive এবং অন্যটিতে simple past হয়।

তুমি যখন মাঠে খেলছিলে, আমি তোমাকে দেখেছিলুম—**I saw you while you** were playing in the field.

আমি যখন বাড়ী পৌছলাম, তখন বৃষ্টি হচ্ছিল—**It was raining when I reached** home.

*সে যখন প্রাতরাশ খাচ্ছিল, আমি তার সঙ্গে দেখা করতে গিয়েছিলুম—**When he** was having his breakfast, I went to see him.

**Different forms of Past Continuous :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I was playing.<br>We were playing.<br>You were playing<br>He/She was playing<br>They were playing. | Was I playing ?<br>Were we playing ?<br>Were you playing ?<br>Was he/she playing ?<br>Were they playing ? | I was not playing.<br>We were not playing.<br>You were not playing.<br>He/She was not playing.<br>They were not playing. |

**Past Perfect Tense**

Past perfect tense is used in the former action between two completed actions of the past. Simple Past is used in the later action.

অতীতকালের দুটি কাজ সম্পন্ন হয়ে থাকলে তাদের মধ্যে **যেটি আগে ঘটেছিল** তার Past Perfect tense হয় এবং যেটি পরে হয়েছিল তার Simple past tense হয়।

[Subject + had + (past participle of verb)]

অমিত বাড়ি আসিবার পূর্বে নীলিমা চলিয়া গেল—Nilima had gone out *before* Amit came home.

আমি ষ্টেশনে পৌছিবার পূর্বে ট্রেনটি ছাড়িয়া গেল—The train had started *before* I reached the station.

ঘণ্টা পড়ার পূর্বে তারা স্কুলে পৌছাল—They had reached the school *before* the bell rang.

বিছানায় শুতে যাবার পূর্বে আমি দরজা বন্ধ করলাম—I had shut the door *before* I got into bed.

ডাক্তার আসিবার পূর্বে রোগীটি মারা গেল—The patient had died *before* the doctor came.

(or) The doctor came *after* the patient had died.

ডাক্তার আসিবার পরে রোগীটি মারা গেল—The doctor had come *before* the patient died.

(or) The patient died *after* the doctor had come.

**** Note :** বাক্যের দুটি অংশ *'before'* বা *'after'* দ্বারা যুক্ত হলে *'before'*-এর পূর্বে এবং *'after'*-এর পরে past perfect tense হয় এবং অন্যটিতে Simple past হয়।

আবার *'when'* দিয়েও বাক্যের দুটি অংশ যুক্ত হলে আগের কাজটিতে past perfect tense হয়।

I had done my exercise *when* Hari came to see me.

—***Wren & Martin.***

*Hardly* বা *Scarcely* (Semi-negative word) দিয়ে **বাক্য শুরু হলে subject** এর পূর্বে had বসে। *Hardly /Scarcely had* we started when it began to rain. অথবা We *had hardly* started when it began to rain.

আবার *No sooner...than* দিয়েও বাক্যের দুটি অংশ যুক্ত হতে পারে। তবে সেক্ষেত্রে *No sooner*-এর ঠিক পরেই *had* বসে। *No sooner had* **we left the house than it** began to rain. (আমরা বাড়ী থেকে বেরোতে না বেরোতেই বৃষ্টি শুরু হল।) [ এরূপ ক্ষেত্রে No sooner we had left the house...হয় না।]

**Different forms of Past Perfect :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I had opened.<br>We had opened.<br>You had opened.<br>He/She had opened.<br>They had opened. | Had I opened ?<br>Had we opened ?<br>Had you opened ?<br>Had he/she opened ?<br>Had they opened ? | I had not opened.<br>We had not opened.<br>You had not opened.<br>He/She had not opened.<br>They had not opened. |

### Past Perfect Continuous Tense

Past perfect continuous tense is used for an action that began before a certain point in the past and continued upto that time.

অতীতকালে কোন কাজ কোন বিশেষ সময়ের পূর্বে আরম্ভ হয়ে সেইসময় পর্যন্ত চলছিল বোঝালে Past perfect continuous tense হয়। এখানেও যদি দুটি ক্রিয়ার উল্লেখ থাকে তাহলে যে কাজটি আগে থেকে চলছিল তার Past perfect continuous এবং যেটি পরে হয়েছিল, তার Simple past tense হয়।

[Subject + had been + (verb + ing)]

ট্রেনটি ছাড়বার পূর্বে আমরা খেলা করছিলাম—We had been playing before the train started.

আমি যখন তার সঙ্গে দেখা করতে গেলুম তখন সে উপন্যাস পড়ছিল—She had been reading a novel when I went to meet her.

ঐ সময় নিখিল দুমাস ধরে উপন্যাস লিখছিল—At that time Nikhil had been writing a novel for two months.

যখন আমি ছেলেটিকে দেখলুম তখন সে কয়েক ঘন্টা ধরে কাঁদছিল—When I met the boy, he had been crying for several hours.

তুমি যখন তোমার বন্ধুর বাড়িতে গিয়েছিলে, তখন তোমার মা তোমার জন্য অপেক্ষা করছিলেন—Your mother had been waiting for you when you went to your friend's house.

মিষ্টার রায় সেখানে পাঁচবছর যাবৎ শিক্ষকতা করছিলেন—Mr. Roy had been teaching there for five years.

তখন বেলা ১০টা, অমল ভোর থেকে কাজ করে ক্লান্ত হয়ে পড়েছিল—It was 10 a.m. and Amal was tired as he had been working since dawn.

**Note :** ['from day-break'-Nesfield. But 'since dawn' is in usage.]

**Different forms of Past Perfect Continuous :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I had been playing.<br>We had been playing.<br>You had been playing.<br>He/She had been playing.<br>They had been playing. | Had I been playing ?<br>Had we been playing ?<br>Had you been playing ?<br>Had he/she been playing ?<br>Had they been playing ? | I had not been playing.<br>We had not been playing.<br>You had not been playing.<br>He/She had not been playing.<br>They had not been playing. |



### Future Indefinite Tense (Simple Future)

Future Indefinite tense is used when an action will be done or will happen in future.

ভবিষ্যৎকালে কোন কাজ ঘটবে বোঝালে Future Indefinite tense হয়।

*বাংলায় ক্রিয়ার শেষে 'ব' থাকে।

[Subject + shall/will + verb]

আমি বিদ্যালয়ে যাইব (যাব)—I shall go to school.

আমরা বিদ্যালয়ে যাইব (যাব)—We shall go to school.

তুমি/তোমরা বিদ্যালয়ে যাইবে (যাবে)—You will go to school.

সে বিদ্যালয়ে যাইবে (যাবে)—He/She will go to school.

তাহারা (তারা) বিদ্যালয়ে যাইবে (যাবে)—They will go to school.

**** Note-1 :** We use *'will'* instead of *'shall'* and *'shall'* instead of *'will'* when we talk about **strong intention or promise.**

দৃঢ় ইচ্ছা বা প্রতিজ্ঞা (must) অর্থে যেখানে shall বসার কথা সেখানে will এবং যেখানে will বসার কথা সেখানে shall হয়।

আমি বিদ্যালয়ে যাইবই—I will go to school.

তুমি কিছুতেই সিনেমা যাইবে না—You shall not go to the cinema show.

সে অবশ্যই কাজটি করিবে—He shall do the work.

*** Note. 2 :** When an action is **planned or arranged** to take place **in the near future, present continuous tense is used** instead of simple future tense.

যখন নিকট ভবিষ্যতে কোন কাজের পরিকল্পনা বা ব্যবস্থা থাকে, তখন simple future tense-এর পরিবর্তে present continuous tense হয়।

আমার বাবা আগামীকাল বাড়ী আসবেন (আসছেন)—My father is coming home tomorrow.

আমি আজ বিকেলে সিনেমা দেখতে যাব—I am going to the cinema this afternoon.

> Simple Future Tense generally expresses pure or colourless future. **When the future is coloured with intention, the *going to* + infinitive construction is preferred** ; e.g., He is *going to build* a new house. But, I *shall see* him tomorrow.
>
> Tomorrow *will be* Sunday. ***—Wren & Martin.***
>
> সাধারণ ভবিষ্যতে future tense হয়, কিন্তু ভবিষ্যৎকালে যখন কোন ইচ্ছা প্রকাশিত হয়, তখন going to + infinitive হয়।

**Different forms of Future Indefinite (Simple Future) :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I shall do.<br>We shall do.<br>You will do.<br>He/She will do.<br>They will do. | Shall I do ?<br>Shall we do ?<br>Will you do ?<br>Will he/she do ?<br>Will they do ? | I shall not do.<br>We shall not do.<br>You will not do.<br>He/She will not do.<br>They will not do. |

### Future Continuous Tense

Future continuous tense is used when an action is thought to be going on in the future.

ভবিষ্যৎকালে কোন কাজ হতে থাকবে বোঝালে Future Continuous tense হয়।

[Subject + shall be/will be + (verb + ing)]

আমি কাজটি করিতে থাকিব—I shall be doing the work.

আমরা কাজটি করিতে থাকিব—We shall be doing the work.

তুমি/তোমরা কাজটি করিতে থাকিবে—You will be doing the work.

সে কাজটি করিতে থাকিবে—He/She will be doing the work.

তাহারা কাজটি করিতে থাকিবে—They will be doing the work.

তখন আমি বইটি পড়িতে থাকব—I shall be reading the book then.

**Different forms of Future Continuous :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I shall be doing.<br>We shall be doing.<br>You will be doing.<br>He/She will be doing.<br>They will be doing. | Shall I be doing ?<br>Shall we be doing ?<br>Will you be doing ?<br>Will he/she be doing ?<br>Will they be doing ? | I shall not be doing.<br>We shall not be doing.<br>You will not be doing.<br>He/She will not be doing.<br>They will not be doing. |

### Future Perfect Tense

Future Perfect tense is used to indicate the completion of an action by a certain time in the future.

ভবিষ্যৎকালে কোন নির্দিষ্ট সময়ের মধ্যে কোন কাজ হয়ে যাবে বোঝালে বা দুটি কাজের মধ্যে একটি আগে হবে বোঝালে Future Perfect Tense হয়। অবশ্য ভবিষ্যৎকালের দুটি কাজের মধ্যে যে কাজটি আগে হবে তার Future Perfect tense এবং যে কাজটি পরে হবে তার Simple Present tense হয়।

[Subject + shall have/will have + (past participle of verb)]

ঐ সময়ের মধ্যে আমি চিঠিটি লিখে রাখব—I shall have written the letter by that time.

বাবা আসবার আগে আমি কাজটি সেরে রাখব—I shall have done the work before my father comes.

তুমি তার সঙ্গে দেখা করতে যাওয়ার পূর্বে সে জায়গাটি ছেড়ে চলে যাবে—Before you go to see him, he will have left the place.

**Different forms of Future Perfect :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I shall have done.<br>We shall have done.<br>You will have done.<br>He/she will have done.<br>They will have done. | Shall I have done ?<br>Shall we have done ?<br>Will you have done ?<br>Will he/she have done ?<br>Will they have done ? | I shall have not done.<br>We shall have not done.<br>You will have not done.<br>He/she will have not done.<br>They will have not done. |

### Future Perfect Continuous Tense

Future Perfect Continuous tense is used when the doer will have been doing the work by a certain future time.

• ভবিষ্যৎকালে কোন সময়ের মধ্যে কোন কাজ চলতে থাকবে বোঝালে Future Perfect Continuous tense হয়। ভবিষ্যৎকালে দুটি কাজের মধ্যে যে কাজটি আগে চলতে থাকবে তার Future Perfect Continuous এবং যেটি পরে হবে তার Simple Present tense হয়।



[Subject + shall have been/will have been + (verb + ing)]

আগামী জুলাই পর্যন্ত আমরা এখানে তিনবছর বাস করতে থাকব—By next July we shall have been living here for three years.

বাবা আসবার আগে আমি কাজটি করতে থাকব—I shall have been doing the work before my father comes.

সে ডিগ্রি পাওয়ার পূর্বে চারবছর অক্সফোর্ডে পড়তে থাকবে—He will have been studying at Oxford when he gets his degree.

**Different forms of Future Perfect Continuous :**

| Affirmative<br>হ্যাঁ-বাচক | Question<br>প্রশ্ন | Negative<br>না-বাচক |
|---|---|---|
| I shall have been doing.<br>We shall have been doing.<br>You will have been doing.<br>He/She will have been doing.<br>They will have been doing. | Shall I have been doing ?<br>Shall we have been doing ?<br>Will you have been doing ?<br>Will he/she have been doing ?<br>Will they have been doing ? | I shall not have been doing.<br>We shall not have been doing.<br>You will not have been doing.<br>He/She will not have been doing.<br>They will not have been doing. |

## APPLIED SECTION

**Look at the figures of different tenses :**

1. Simple Present, Simple Past and Simple Future.

Past (an action that was done) — Present (an action that goes on) — Future (an action that will be done)

2. Present continuous may be shown :

(i) To describe a limited period (not a long term or permanent activity) or to describe a period around now. [এখন (সংক্ষিপ্ত সময়ে) যা ঘটছে]

Now..................................Now

(ii) To describe present plans for the near future.

[নিকট ভবিষ্যতের কোন পরিকল্পনা বর্তমানে প্রকাশ করতে।]

Now..................................Near future

3. Present Perfect may be shown :

Earlier..................................Now

We often want to look back from now (the moment of speaking) to something that has happened earlier. We use this present perfect form to connct the earlier event with the present moment (now).